

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১১৬৮

৩২/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩২/৩৪. হুদাইবিয়াহুর প্রান্তরে হুদাইবিয়ার সন্ধি।

صلح الحديبية في الحديبية

আরবী

حديث سَهْلِ بْنِ حُنَيْف عَنْ أَبِي وَائِل، قَالَ: كُنَّا بِصِفِّينَ، فَقَامَ سَهْلُ بْنُ حُنَيْف، فَقَالَ: أَيُّهَا النَّاسُ اتَّهِمُوا أَنْفُسَكُمْ، فَإِنَّا كُنَّا مَعَ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ الحُدَيْبِيَةِ وَلَوْ نَرَى قِتَالاً لَقَاتَلْنَا، فَجَاءَ عُمَرُ بْنُ الْخَطَّاب، فَقَالَ: يَا رَسُولَ اللهِ أَلَسْنَا عَلَى الْحَقِّ وَقَوْلاَ: يَا رَسُولَ اللهِ أَلَسْنَا عَلَى الْحَقِّ وَهُمْ عَلَى الْبَاطِلِ فَقَالَ: بَلَى فَقَالَ: أَلَيْسَ قَتْلاَنَا فِي الْجَنَّةِ وَقَتْلاَهُمْ فِي النَّارِ قَالَ: بَلَى قَالَ: فَعَلَى مَا نُعْطِي النَّارِ قَالَ: بَلَى فَقَالَ: أَلَيْسَ قَتْلاَنَا فِي الْجَنَّةِ وَقَتْلاَهُمْ فِي النَّارِ قَالَ: بَلَى قَالَ: فَعَلَى مَا نُعْطِي الدَّنِيَّةَ فِي دِينِنَا أَنَرْجِعُ وَلَمَّا يَحْكُمِ اللهُ بَيْنَنَا وَبَيْنَهُمْ فَقَالَ: ابْنَ الْخَطَّابِ فَعَلَى مَا نُعْطِي الدَّنِيَّةَ فِي دِينِنَا أَنَرْجِعُ وَلَمَّا يَحْكُم اللهُ بَيْنَنَا وَبَيْنَهُمْ فَقَالَ: ابْنَ الْخَطَّابِ إِنِّي رَسُولُ اللهِ وَلَنْ يُصَلِّي بَكْرٍ، فَقَالَ لَهُ مِثْلَ مَا قَالَ لِللّهِ وَلَنْ يُصَلِّي صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى عُمَرُ إِلَى أَبِي بَكْرٍ، فَقَالَ لَهُ مَثْلَ مَا قَالَ لِللّهُ مَتْلَ مَا قَالَ اللهِ وَلَنْ يُضِيعِهُ اللهُ أَبِدًا فَقَالَ لَهُ مَتْلَ مُعَلِي وَسَلَّمَ عَلَى عُمَرً إِلَى آخِرِهَا فَقَالَ عُمَرُ: يَا لَلْفَتْحِ، فَقَرَأَهَا رَسُولُ اللهِ أَو فَتْحٌ هُو قَالَ: نَعَمْ

বাংলা

১১৬৮. আবু ওয়ায়ল (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা সিফফীন যুদ্ধে অংশ নিয়েছিলাম।। সে সময় সাহল ইবনু হুনাইফ (রাঃ) দাঁড়িয়ে বললেন, হে লোক সকল! তোমরা নিজ মতামতকে সঠিক মনে করো না। আমরা হুদায়বিয়ার দিন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলাম। যদি আমরা যুদ্ধ করা সঠিক মনে করতাম, তবে আমরা যুদ্ধ করতাম। পরে উমর ইবনু খাত্তাব (রাঃ) এসে বললেন, হে আল্লাহর রাসূল! আমরা কি হকের উপর নই এবং তারা বাতিলের উপর? আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হাাঁ। অতঃপর তিনি বললেন, আমাদের নিহত ব্যক্তিগণ কি জায়াতী নন এবং তাদের নিহত ব্যক্তিরা জাহায়ামী নয়? আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ, আমাদের নিহতগণ অবশ্যই জায়াতী। উমার (রাঃ) বললেন, তবে কী কারণে আমরা আমাদের দীনের ব্যাপারে হীনতা স্বীকার করব?

আমরা কি ফিরে যাব? অথচ আল্লাহ্ তাআলা আমাদের ও তাদের মধ্যে কোন ফায়সালা করেননি? আল্লাহর রাসূল



সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে ইবনু খান্তাব! আমি নিশ্চয়ই আল্লাহর রাসূল, আল্লাহ আমাকে কখনো হেয় করবেন না। অতঃপর 'উমার (রাঃ) আবূ বকর (রাঃ)-এর নিকট গেলেন এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট যা বলেছিলেন, তা তাঁর নিকট বললেন। তখন আবু বাকর (রাঃ) বললেন, তিনি আল্লাহর রাসূল, আল্লাহ তা'আলা কখনও তাকে অপদস্থ করবেন না। অতঃপর সূরাহ ফাৎহ নাযিল হয়। তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা শেষ পর্যন্ত 'উমার (রাঃ)-কে পাঠ করে শোনান। উমার (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল! এটা কি বিজয়? আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫৮ : জিযইয়াহ কর ও রক্তপণ, অধ্যায় ১৮, হাঃ ৩১৮২; মুসলিম, পর্ব ৩২ : জিহাদ, অধ্যায় ৩৪, হাঃ ১৭৮৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন